

# ঢাকা কমার্স কলেজ

মিরপুর, ঢাকা-১২১৬

তারিখ: ০৯ই নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

## দরপত্র বিজ্ঞপ্তি

ঢাকা কমার্স কলেজ- প্রফেসর মোঃ আলী আজম গ্রন্থাগার-এর বই ক্রয়ের জন্য বৈধ ট্রেড লাইসেন্সধারী পুস্তক বিক্রেতা / পুস্তক সরবরাহকারী / পুস্তক আমদানিকারক / প্রকাশকদের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে-

**লট-১:** দেশে প্রকাশিত বই

**লট-২:** বিদেশে প্রকাশিত বই

- দরপত্র সংক্রান্ত বইয়ের তালিকা সংগ্রহ: “দরপত্র সংক্রান্ত বইয়ের তালিকা” কলেজ-এর অফিস শাখা থেকে সংগ্রহ করা যাবে।
- দরপত্র জমা: ২৪ শে নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ, বেলা ২টার মধ্যে দরদাতা প্রতিষ্ঠানের নিজস্ব লেটার-হেড প্যাডে সিলগালাকৃত দরপত্র অফিস শাখায় রক্ষিত সুনির্দিষ্ট বাস্তব জমা দিতে হবে। ঐদিন দুপুর ২:০০ টার পর আর কোনো দরপত্র গ্রহণ করা হবে না। একই দিন বেলা ৩:৩০ মিনিটে দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

আগ্রহী দরদাতাকে লট-১ ও লট-২ এর জন্য আলাদা দর প্রস্তাব করতে হবে। একজন দরদাতা যে কোনো একটি লট অথবা উভয় লটে দর প্রস্তাব করতে পারবেন। তবে লট-১ অথবা লট-২ এর আংশিক দর প্রস্তাব গ্রহণযোগ্য হবে না।

### শর্তাবলি

১. কোনো পাইরিসি বা ফটোকপি করা বই গ্রহণ করা হবে না।
২. সরবরাহকৃত বই নতুন সংস্করণে ছাপা হতে হবে।
৩. বই সম্পূর্ণ নতুন অবস্থায় সরবরাহ করতে হবে। ছেঁড়া, ক্রটিযুক্ত বা নিউজপ্রিন্টে ছাপা বই গ্রহণ করা হবে না।
৪. সরবরাহকৃত তালিকা অনুযায়ী বই সরবরাহ করতে হবে। কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে প্রস্তাবিত তালিকার কোন পরিবর্তন করা যাবে না।
৫. দেশে ও বিদেশে প্রকাশিত উভয় প্রকার বইয়ের মূল্য টাকায় প্রস্তাব করতে হবে। বিদেশে প্রকাশিত বইয়ের ক্ষেত্রে কার্যাদেশ গ্রহণের তারিখে বিদেশী মুদ্রার বিনিময় হার প্রযোজ্য হবে।
৬. বই নিজ খরচে ও দায়িত্বে কলেজে পৌঁছাতে হবে। বই বুঝে পাওয়ার পর পাওনা পরিশোধ করা হবে।
৭. বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।
৮. লট-১ কার্যাদেশ প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে এবং লট-২ কার্যাদেশ প্রাপ্তির ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে সরবরাহ সম্পন্ন করতে হবে।

আগ্রহী দরদাতাগণকে খামের উপর “প্রফেসর মোঃ আলী আজম গ্রন্থাগারের জন্য বই ক্রয়” লিখে অধ্যক্ষ ঢাকা কমার্স কলেজ বরাবরে জমা দিতে হবে। প্রাপ্ত দরপত্রসমূহ কলেজের ক্রয় কমিটি কর্তৃক যাচাই বাছাই-এর পর মনোনীত দরপত্র দাতা / দাতাদের পরবর্তীতে কার্যাদেশ দেয়া হবে।

কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো বা সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।



অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ